# সুদক্ষ

## কর্মদক্ষতা বিকাশ সহায়ক তথ্য কণিকা



যৌন সংখ্যালঘু প্রান্তিক জনগোষ্ঠীর
কর্মসংস্থান দক্ষতা বিকাশ প্রকল্প


Implemented by:

INCLUSIVE BANGLADESH
... including human rights

Funded by:

Youth Voices Count

# সুদক্ষ

## কর্মদক্ষতা বিকাশ সহায়ক তথ্য কণিকা

# সুদক্ষ

কর্মদক্ষতা বিকাশ সহায়ক তথ্যকণিকা

EMPLOYABILITY SKILL DEVELOPMENT INFORMATION HANDBOOK

LGBTIQ ADVOCACY PROJECT

INCLUSIVE BANGLADESH

T.K. BAIDYA & M. R. RAHMAN

# কর্মদক্ষতা বিকাশ সহায়ক তথ্যকণিকা

# EMPLOYABILITY SKILL DEVELOPMENT INFORMATION HANDBOOK

First Edition: August 2020

Copyright © 2020 by Inclusive Bangladesh

ISBN: 978-984-34-9252-4

Published By
Inclusive Bangladesh
Under LGBTIQ Advocacy Project
funded by COC Netherlands and Youth Voices Count (YVC)
under IGNITE Empowerment Grant

Inclusive Bangladesh is an unregistered youth led community organization, located in Bangladesh, dedicated to promote gender equality, diversity, global citizenship, religious literacy, no hate speech, countering/preventing violent extremism, quality education and peace building.

All rights reserved. No part of this publication may be reproduced, distributed, or transmitted in any form or by any means, including photocopying, editing, or other electronic or mechanical methods, without the prior written permission of the publisher.

There can be an exception in the case of brief quotations embodied in critical reviews and certain other noncommercial uses permitted by copyright law. For permission requests, write to the publisher, addressed "Attention: Project Director," at the email address below.

info.inclusivebd@gmail.com

Obtaining Information

This book is a free publication and can be used in any youth advocacy purposes and or in case of training and research. A digital version of this book can be found in the following website.

www.inclusivebd.weebly.com

Printed in Dhaka, Bangladesh

**THE INFORMATION ARTICULATED IN THIS PUBLICATION ARE THOSE OF THE AUTHORS. THEY DO NOT PURPORT TO REFLECT THE OPINIONS OR VIEWS OF THE COC NETHERLANDS OR YOUTH VOICES COUNT (YVC).**

# Preface

Marginalized community people living in the rural & remote areas of Bangladesh are facing problems every day to get institutionalized education because of their diversified sexual orientation; Covid-19 outbreak has made their life struggle even more vulnerable. In this uncertain time, Ignite! Empowerment grant by COC Netherlands & Youth Voices Count Inc. have made a distinctive contribution to the relentless efforts of our LGBTIQ community to ensure their decent living condition. We've published this book to make this special people capable enough to join the workforce & make themselves self-dependent.

It's assumed that many people are part of LGBTIQ community in our country but their social acceptance rate is low. In spite of that, this community is fighting against all odds for its survival. With humble respect, we want to contribute a little to make their journey smoother.

In our country, all the educational institutions mostly emphasize on theoretical knowledge. They hardly think about providing knowledge for professional grooming or making someone compatible for the job sectors. But we realized that providing education regarding personal development will help the marginalized community to be more self-conscious. We've included all the necessary elements that can help a LGBTIQ community person capable to be a strong fighter in the battle of life. We hope that by reading & implying it in practical life, they'll increase their confidence & self-dependence. We've added all the necessary elements considering about the divergent thought processes of this diversified communities. This will help them to join the job market according to their demands & capabilities. From being an entrepreneur to be a job holder or from applying jobs to create employment for others; this book is meant to inspire everyone out their fighting for an identity.

We are hopeful that this book will increase the employability skills of the marginalized community as well as increasing their living standard the same time, it'll encourage the LGBTIQ community to work together with everyone else to make a society full of compassion & solidarity.

In this auspicious moment of publication, we'd like to express our heartfelt gratitude to Youth Voices Count Inc. & COC Netherlands for their continuous support & mentoring to make this book published.

# মুখবন্ধ

বাংলাদেশের প্রত্যন্ত ও দুর্গম এলাকায় বসবাসকারী প্রান্তিক জনগোষ্ঠী যারা তাদের যৌন পরিচয়ের কারণে প্রাতিষ্ঠানিক শিক্ষা গ্রহণে পদে পদে বাধার সম্মুখীন হচ্ছে; কোভিড-১৯ এর প্রাদুর্ভাব তাদের এই পথচলাকে আরও বন্ধুর করে তুলেছে। এই অনিশ্চিত সময়ে ইয়ুথ ভয়েসেজ কাউন্ট এবং সিওসি নেদারল্যান্ডসের ইগনাইট! এমপাওয়ারমেন্ট গ্রান্ট এলজিবিটিআইকিউ সম্প্রদায়ের জীবনমান উন্নয়নের ধারাকে সমুন্নত রাখতে বিশেষ ভূমিকা রেখেছে। এই অনগ্রসর জনগোষ্ঠীকে কর্মক্ষেত্রের জন্য যথোপযুক্ত করে গড়ে তুলে তাদের স্বাবলম্বী করার লক্ষ্যেই আমাদের এই বইয়ের প্রকাশ।

আমাদের দেশে উল্লেখযোগ্য সংখ্যক ব্যক্তি এলজিবিটিআইকিউ সম্প্রদায়ের অন্তর্ভুক্ত বলে ধারণা করা হলেও তাদের সামাজিক গ্রহণযোগ্যতার হার নেই বললেই চলে। তারপরও সবরকম প্রতিকূলতার মুখোমুখি হয়েই এলজিবিটিআইকিউ জনগোষ্ঠী টিকে থাকার জন্য সর্বদা চেষ্টা চালিয়ে যাচ্ছে। তাদের এই প্রচেষ্টাকে সম্মান জানিয়ে তাদের চলার পথকে সুগম করতেই আমাদের এই ছোট্ট প্রয়াস।

আমাদের দেশে মোটামুটি সবরকম শিক্ষাক্ষেত্রেই শুধুমাত্র পুঁথিগত বিদ্যার উপরে জোর দেওয়া হয়। ব্যক্তিগত গুণাবলীর বিকাশ কিংবা কর্মক্ষেত্রের উপযোগী করে গড়ে তোলার ধ্যানধারণা এখানে পরোক্ষ বিষয়। কিন্তু আমরা অনুধাবন করেছি এই পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে তাদের ব্যক্তিগত গুণাবলী বিকাশে সহায়ক শিক্ষা প্রদান করলে তারা সহজেই সচেতন হতে পারবে। আমাদের এই বইটিতে প্রান্তিক জনগোষ্ঠীর একজন মানুষকে জীবনযুদ্ধের যোগ্যতম সৈনিক হিসেবে গড়ে তোলার প্রাথমিক সবকিছুই অন্তর্ভুক্ত করেছি। আমরা আশা করছি, এই বইটি পাঠ এবং ব্যক্তিজীবনে প্রায়োগিক ব্যবহারের ফলে তাদের আত্মবিশ্বাস ও আত্মনির্ভরশীলতা বাড়বে। জনগোষ্ঠীর বৈচিত্র্যের পাশাপাশি আমরা তাদের চাহিদার ভিন্নধর্মীতার কথা চিন্তা করে যোগ্যতা ও আকাঙ্খা অনুযায়ী তাদের জন্য বিভিন্ন রকম কর্মক্ষেত্রে সহজেই যোগদান করার জন্য নিজেকে গড়ে তোলার সবরকম পরামর্শই এখানে দেওয়া হয়েছে। চাকরি কিংবা ব্যবসা, কর্মজীবী কিংবা উদ্যোক্তা; সবার কথা বিবেচনা করেই আমাদের এই বইটি সাজানো।

আমরা আশা করছি, এই বইটি বৈচিত্র্যময় জনগোষ্ঠীর কর্মদক্ষতা বৃদ্ধির পাশাপাশি তাদের জীবনমান উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করবে। একই সাথে সমাজের সাধারণ মানুষের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে সহনশীল ও সমতার ভিত্তিতে সমাজ গড়তে এলজিবিটিআইকিউ জনগোষ্ঠীকে উদ্বুদ্ধ করবে।

বইটি প্রকাশের এই শুভক্ষণে আমাদের প্রতিনিয়ত উৎসাহ, সহযোগিতা এবং পৃষ্ঠপোষকতার জন্য আমরা ইয়ুথ ভয়েসেজ কাউন্ট এবং সিওসি নেদারল্যান্ডসকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করতে চাই।

# সূচী


| ক্রম | বিষয় | পাতা |
|---|---|---|
| ০১ | নিজের সম্পর্কে ৫টি বিষয় | 7 |
| ০২ | নিজেকে জানুন-জিজ্ঞাসা করুন | 9 |
| ০৩ | ব্যক্তিগত গুণাবলীর বিকাশ | 10 |
| ০৪ | জীবন বদলাতে সাতটি ‘P’ | 11 |
| ০৫ | চাকরির ইন্টারভিউ এর বিস্তারিত | 12 |
| ০৬ | ইন্টারভিউয়ের পূর্বে তিনটি ‘R’ | 13 |
| ০৭ | ইন্টারভিউয়ের সময় মনে রাখার বিষয় | 14 |
| ০৮ | ইন্টারভিউ দেয়ার ১০ নিয়ম | 15 |
| ০৯ | ইন্টারভিউতে বহুল জিজ্ঞাসিত প্রশ্নসমূহ | 18 |
| ১০ | পড়াশোনার পাশাপাশি খণ্ডকালীন কাজ | 19 |
| ১১ | জীবনবৃত্তান্ত বা সিভি সম্পর্কে বিস্তারিত | 20 |
| ১২ | কোথায় চাকরির সন্ধান পাবেন | 21 |
| ১৩ | নমুনা সিভি | 22 |
| ১৪ | সরকারি খরচে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | 24 |
| ১৫ | ইন্টারভিউতে প্রস্তাবিত পোষাক | 25 |



# নিজের সম্পর্কে ৫টি বিষয়




**১. জন্ম নিবন্ধন সনদ / জাতীয় পরিচয়পত্রঃ**

জন্মসূত্রে বাংলাদেশী পরিচয়ের নিশ্চয়তার জন্য জন্ম নিবন্ধন সনদ এবং নির্দিষ্ট বয়সের পরে জাতীয় পরিচয়পত্রের প্রয়োজনীয়তা অপরিহার্য। যে স্হানে জন্মেছেন, সেখানকার সংশ্লিষ্ট জনপ্রতিনিধিদের কার্যালয়ে যোগাযোগ করে ফরম পূরণ করে জন্মনিবন্ধন সনদ পাওয়া সম্ভব। জাতীয় পরিচয়পত্রের ক্ষেত্রে বর্তমান বা স্হায়ী ঠিকানার সংশ্লিষ্ট নির্বাচন অফিসে যোগাযোগ করে প্রয়োজনীয় পদ্ধতি অনুসরণ করে জাতীয় পরিচয়পত্র পাওয়া যাবে।

**২. শিক্ষাগত যোগ্যতা এবং প্রশিক্ষণের সনদ সনদপত্রঃ**

শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী সকল শিক্ষাপ্রতিষ্ঠান থেকে প্রাপ্ত সনদসমূহ সঠিকভাবে সংগ্রহ করা উচিত এবং সকল সনদপত্রের কমপক্ষে ৪-৫ সেট ফটোকপি করে রাখা উচিত। যেকোন ধরণের প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ কিংবা স্বল্পমেয়াদী কোর্স করলে তার সনদ সংগ্রহ করা উচিত। এসব সনদ আপনার কর্মদক্ষতার প্রমাণে সহায়ক হবে।

**৩. পাঠ্যক্রম সহায়ক কার্যাবলীঃ**

পড়াশোনার বাইরে যেকোন প্রকার ক্রীড়া, সাংস্কৃতিক বা বুদ্ধিদীপ্ত কোন কর্মকাণ্ডে নিয়োজিত থাকলে তার বিস্তারিত বিবরণ সংগ্রহে রাখা উচিত।

**৪. অভিজ্ঞতার বিবরণঃ**

স্বল্পস্হায়ী বা দীর্ঘস্হায়ী, বৈতনিক বা অবৈতনিক সকল প্রকার কর্মঅভিজ্ঞতার বিবরণ সংগ্রহ করা উচিত।

**৫. শক্তিশালী এবং দুর্বল দিকঃ**

আপনার নিজেকে নিয়ে নিয়মিত উপলব্ধি থাকা উচিত। এর মাধ্যমে আপনি নিজের শক্তিশালী ও দুর্বল দিক খুঁজে বের করে নিজের সুযোগগুলো যাচাই করতে পারবেন এবং দুর্বল দিকগুলোর উপর কাজ করে অবস্হার উন্নতি ঘটাতে পারবেন।



## নিজেকে জানুন-জিজ্ঞাসা করুন

আপনি কি কখনো নিজেকে নিম্নোক্ত প্রশ্নগুলো করেছেন? আত্মবিশ্বাস বাড়াতে নিজেকে জানা জরুরি। সেজন্য নিজেকে জিজ্ঞাসা করুন এই প্রশ্নগুলি আর উত্তর খোঁজার চেষ্টা করুন।

- আমি কি জানি আমার জীবনের লক্ষ্য কি?
- আমি কি জানি আমি কতটুকু পড়ালেখা করার সুযোগ পাবো?
- আমি কি জানি আমার কোন সুপ্ত প্রতিভা আছে কি না?
- আমি কি জানি আমার দৈনন্দিন খরচ চালানোর জন্য কোন কর্মসংস্থানের ব্যবস্হা আছে কি না?
- আমি কি জানি আমার কর্মদক্ষতা বাড়ানোর জন্য আমার কি করা উচিত?
- আমি কি জানি আমার কর্মসংস্থানের জন্য কি কি সুযোগ বিদ্যমান আছে?
- আমি কি জানি কোন কোন ক্ষেত্রে খুব সহজেই কাজের অভিজ্ঞতা বাড়ানো সম্ভব?
- আমি কি জানি যে কোন কর্মক্ষেত্রে নিজেকে মানিয়ে নিতে আমি কতটা প্রস্তুত?
- আমি কি জানি কিভাবে নিজেকে সুন্দরভাবে অন্যের কাছে প্রকাশ করতে হবে?
- আমি কি জানি ভবিষ্যতের কর্মক্ষেত্রে নিজেকে এগিয়ে রাখতে কি কি গুণাবলী অর্জন করা প্রয়োজন?



# ব্যক্তিগত গুণাবলীর বিকাশ

**১. যোগাযোগে দক্ষতাঃ** যেকোন ব্যক্তি কিংবা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ স্হাপনে আপনাকে কৌশলী হতে হবে। কারণ চাকরি বা কাজ করার সুবর্ণ সুযোগ এসব নিয়মিত যোগাযোগের কারণে চলে আসতে পারে।

**২. শিষ্টাচার শিক্ষাঃ** নিজের কাজে, কোথায় এবং প্রতিশ্রুতিতে সবসময় শিষ্টাচার মেনে চলা জরুরি |

**৩. উপস্থিত হওয়া-** কোন প্রতিষ্ঠান বা ব্যক্তির কাছ থেকে পূর্ব নির্ধারিত কোন সাক্ষাৎসূচী থাকলে তা অবশ্যই পূরণে সতর্ক থাকতে হবে। ইন্টারভিউ হোক কিংবা সাধারণ সাক্ষাৎ, অনিবার্য কারণ ব্যতীত আপনার এগুলোতে উপস্থিতি সকলের কাছে আপনার গ্রহণযোগ্যতা বৃদ্ধি করবে।

**৪. নেতিবাচক মনোভাব পরিহার-** সরাসরি কোন কিছুর বিরুদ্ধচারণ না করে কৌশলগত পন্থা অবলম্বন করা উচিত। খুব সহজেই ধৈর্য না হারিয়ে শেষ মূহুর্ত পর্যন্ত অবিচল থাকা আপনার দৃঢ়চেতা মানসিকতার পরিচয় দেয়।

**৫. অতিরিক্ত ঘনিষ্ঠতা পরিহার-** মনে রাখতে কর্মক্ষেত্রের সবার সাথেই একটি নির্দিষ্ট সীমা পর্যন্ত  সম্পর্ক বজায় রাখা উচিত। প্রয়োজনের অতিরিক্ত ঘনিষ্ঠতা আপনার জন্য অনাহুত পরিস্হিতির অবতারণা করতে পারে।

**৬. পোষাক পরিচ্ছদ-** আপনার কর্মক্ষেত্রের চাহিদা অনুযায়ী আপনার পোশাক পরিধান করা উচিত। সবসময় চেষ্টা করবেন ড্রেসকোড অনুযায়ী মার্জিত পোশাক পরতে। সুগন্ধি এবং আনুষাঙ্গিক উপকরণ ব্যবহারের ক্ষেত্রে মার্জিত থাকার চেষ্টা করা উচিত।

**৭. যথোপযুক্ত জ্ঞান-** যে বিষয়ে আপনি কথা বলবেন সে বিষয়ে সম্যক জ্ঞান আহরণ প্রয়োজন।  কথাটি সাধারণ আলোচনা থেকে শুরু করে ইন্টারভিউ বোর্ড পর্যন্ত প্রযোজ্য। যে প্রতিষ্ঠানে ইন্টারভিউ দিচ্ছেন তাদের ইতিহাস,  কর্মক্ষেত্র এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা সম্পর্কে উপযুক্ত ধারণা রাখবেন।

# জীবন বদলাতে সাতটি ‘P’



## সাতটি ‘P’ যা বদলে দিতে পারে আপনার জীবনকে

Passionate, Prepared, Professional, Patient, Proactive, Punctual, Polite

Passionate (**উৎসাহী**)- ছোট কিংবা বড়, সবরকম সুযোগ গ্রহণ করার ক্ষেত্রে আপনাকে উৎসাহী হতে হবে।

Prepared (**প্রস্তুত**)- সুযোগ কখন আসবে সে ব্যাপারে কোন নিশ্চয়তা নাই। তাই যেকোন সুযোগ সাদরে গ্রহণের জন্য আপনাকে সর্বদা সচেষ্ট থাকতে হবে।

Professional (**পেশাদারিত্ব**)- সকল প্রকার কাজের ক্ষেত্রে আপনাকে পেশাদারিত্বের পরিচয় দিতে হবে।

Patient (**ধৈর্যশীল**)- খুব অল্পতেই উত্তেজিত না হয়ে মাথা ঠান্ডা রেখে সব বিষয়ে সিদ্ধান্ত নেওয়া উচিত।

Proactive (**সক্রিয়তা**)- স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণের মাধ্যমে নিজের কর্মচাঞ্চল্যতা বজায় রাখা উচিত। আপনার সক্রিয় মনোভাব আপনাকে সুন্দর ক্যারিয়ার গড়তে সহায়তা করবে।

Punctual (**সময়ানুবর্তিতা**)- সময়ের মধ্যে সকল প্রকার কাজ শেষ করার মাধ্যমে সবার কাছে নিজের গ্রহণযোগ্যতা বৃদ্ধিতে সচেতন থাকা উচিত।

Polite (**নম্রতা**)- পরিচিত কিংবা অপরিচিত সকলের সাথে মতবিনিময়ের সময় ভদ্রতা বজায় রাখা উচিত। অনাকাঙ্ক্ষিত পরিস্থিতিতে উত্তেজিত না হয়ে নম্রতা বজায় রেখে পরিস্থিতি সামাল দেওয়া উচিত।



# চাকরির ইন্টারভিউ এর বিস্তারিত

# ইন্টারভিউয়ের পূর্বে তিনটি ‘R’





**Research the Company:** যে কোম্পানিতে ইন্টারভিউ দিচ্ছেন, তাদের আদ্যোপান্ত জেনে ইন্টারভিউ বোর্ডে বসা উচিত। এর ফলে চাকরিদাতা বুঝবেন যে তার কোম্পানি সম্পর্কে আপনার যথেষ্ট আগ্রহ আছে।



**Research the Position:** যে পদের জন্য আবেদন করেছেন, বিজ্ঞপ্তি থেকে সেই পদের কার্যাবলী সম্পর্কে ভালমতো জেনে নিবেন। উক্ত কাজে পূর্ববর্তী অভিজ্ঞতা থাকলে তার আলোকে ইন্টারভিউয়ের অনেক উত্তর দিতে পারেন।



**Research Yourself:** নিজেকে ভালমতো জানুন। নিজের দোষ-ত্রুটি কিংবা ভাল-মন্দ দিকগুলোর একটি তালিকা তৈরি করুন। সাক্ষাৎকারের সময় নিজের সম্পর্কে কিছু জানাতে চাইলে সবকিছু মিলিয়ে বলুন।

# ইন্টারভিউয়ের সময় মনে রাখার বিষয়



- সাক্ষাৎকার কক্ষে প্রবেশের সময় থেকেই আপনার নির্ণয় শুরু হয়ে যায়।
- ছোট ছোট কথার মাধ্যমে সাক্ষাৎকার পর্ব শুরু করা উচিত।
- আপনাকে যে কোন প্রকার প্রশ্ন করার পূর্ণ স্বাধীনতা নিয়োগকারীর আছে।
- নিয়োগকারীকে প্রয়োজনীয় প্রশ্ন জিজ্ঞেস করতে কখনো ঘাবড়ে যাবেন না।
- অপ্রত্যাশিত মূহুর্তের জন্য সর্বদা প্রস্তুত থাকবেন।
- আপনার সাক্ষাৎকার মূল্যায়নের মাপকাঠি  বিভিন্ন রকম হতে পারে তাই প্রতিটি কার্যকলাপ ভেবেচিন্তে করা উচিত।
- সাক্ষাৎকার কক্ষ থেকে বের হয়ে দরজা বন্ধ করা পর্যন্ত আপনাকে মূল্যায়ন করা হয়।



## ইন্টারভিউ দেয়ার ১০ নিয়ম

- **সংক্ষিপ্ত এবং যথাযথ উত্তর-** প্রশ্নকর্তা যেটুকু জানতে চাইবেন তার থেকে বেশি কিছু জানানো আপনার অমনোযোগী মনোভাবের পরিচায়ক। কোন প্রশ্নের উত্তর জানা না থাকলে কালক্ষেপণ না করে দুঃখ প্রকাশ করা উচিত। এটা মেনে নেওয়া উচিত যে সব প্রশ্নের উত্তর সবার পক্ষে জানা সম্ভব নয়। উদাহরণস্বরূপ, বাংলাদেশের বিজয় দিবস কবে এই প্রশ্নের উত্তর ১৬ই ডিসেম্বর। এর সাথে অন্য কোন তথ্য জুড়ে দিয়ে নিজের জ্ঞান জাহিরের প্রয়োজন নেই।

- **সঠিক তথ্য প্রদান-** তথ্য উপাত্তবিষয়ক কোন প্রশ্নের যথাযথ উত্তর জানা না থাকলে আনুমানিক কোন উত্তর দেওয়া উচিত নয়। উদাহরণস্বরূপ, বাংলাদেশের কোন অর্থবছরের বাজেটের আকার জিজ্ঞেস করলে প্রতিটি সংখ্যা নির্ভুলভাবে বলা উচিত।

- **শক্তিশালী দিকগুলোর পুনঃপ্রদর্শন-** আপনার চারিত্রিক কিংবা অন্যান্য গুণাবলী যা কর্মক্ষেত্রে প্রয়োজন হবে সেগুলো বারংবার বিভিন্ন দৃষ্টিকোণ থেকে মেলে ধরার চেষ্টা করুন। উদাহরণস্বরূপ, আপনি খুব সহজেই আপনার কথার মাধ্যমে কেউকে প্রভাবিত করে ফেলতে পারেন। আপনার এই গুণ আবেদনকৃত পদের জন্য কতখানি গুরুত্বপূর্ণ তা বিভিন্নভাবে বোঝানোর চেষ্টা করবেন।

- **সাফল্যগাঁথার উদাহরণ-** সব নিয়োগকর্তাই এই প্রশ্নটি কমবেশি করে থাকেন। এই উত্তরে তারা মূলত কঠিন থেকে কঠিনতর পরিস্থিতি থেকে আপনার আপন গুণে সাফল্য লাভের গল্প শুনতে চান। উদাহরণস্বরূপ, বন্ধুদের সাথে অচেনা কোথাও ঘুরতে গিয়ে বিপদের সম্মুখীন হয়েছেন এবং সেই পরিস্থিতি থেকে উত্তরণে আপনার বুদ্ধিমত্তা কিভাবে কাজে লাগিয়েছেন, তার বর্ণনা দিবেন।

- **প্রতিষ্ঠানের সদস্য ভেবেই উত্তর প্রদান-** নিয়োগকারী আপনাকে প্রতিষ্ঠানের কার্যাবলী সম্পর্কিত একটি সমস্যা প্রদান করবে যার সমাধান আপনাকে করতে হবে। এক্ষেত্রে সমাধান বর্ণনার সময় নিজেকে প্রতিষ্ঠানের একজন ভেবেই সবকিছু উপস্থাপন করবেন। উদাহরণস্বরূপ, উৎপাদনজনিত কোন সমস্যার সমাধান জানতে চাইলে নিজেলে উক্ত প্রতিষ্ঠানের প্রোডাকশন ম্যানেজার ভেবেই সমাধান বর্ণনা করবেন।

- **সুদৃঢ় অঙ্গভঙ্গি-** সাক্ষাৎকার পর্বের প্রতিটি মূহুর্তে আপনার বাচনভঙ্গি কিংবা শরীরী ভাষা যেন কোন প্রকার বিরক্তির উদ্রেক না ঘটায়। উদাহরণস্বরূপ, আপনার মতের বিরুদ্ধে যায় এমন কোন বিষয়ের সাথে একমত হতে বলা হলে আপনার মুখাবয়বে বিরক্তি কিংবা ক্রোধান্বিত হওয়ার লক্ষ্মণ  প্রকাশ পাওয়া উচিত নয়।

- **নিরপেক্ষতা বজায় রাখা-** যে সকল প্রশ্নের উত্তর দুইরকম হতে পারে কিংবা ভিন্ন পটভূমি থেকে প্রদান করা যায়, চেষ্টা করবেন সব আঙ্গিকেই আপনার উত্তরটি সাজিয়ে নিতে। সবক্ষেত্রেই একপেশে উত্তর এড়িয়ে চলা বাঞ্ছনীয়। উদাহরণস্বরূপ, ঐতিহাসিক বা  রাজনৈতিক কোন ঘটনা যার প্রেক্ষাপটের ভিন্ন ভিন্ন মতবাদ প্রচলিত আছে; আপনার উচিত হবে সবকিছু মিলিয়েই সুন্দর উত্তর প্রদান করা।

- **প্রশ্নকারীকে প্রশ্ন করা-** সাধারণত প্রতি সাক্ষাৎকারের শেষে প্রার্থীকে কিছু সময় প্রদান করা নিয়োগকর্তার নিকট থেকে কিছু জানার জন্য। এই সুযোগের সর্বোচ্চ সদ্ব্যবহার করুন। আপনার প্রশ্নের মধ্যে নিয়োগকর্তা যেন আন্তরিকতা এবং উক্ত প্রতিষ্ঠানে কাজের সুযোগ লাভের জন্য আপনার আকাঙ্ক্ষার প্রকাশ ঘটে। উদাহরণস্বরূপ, প্রতিষ্ঠানের পরবর্তী পাঁচ বছরের পরিকল্পনা কিংবা কর্মীদের কর্মদক্ষতা বৃদ্ধিতে গৃহীত পদক্ষেপের কথা জিজ্ঞেস করতে পারেন।

- **সাক্ষাৎকার প্রবাহমান রাখা-** সবসময় চেষ্টা করবেন এমনভাবে প্রশ্নের উত্তর দিতে যেন প্রশ্নকর্তা আপনার উত্তর থেকেই পরবর্তী প্রশ্ন খুঁজে পান। এর ফলে প্রশ্নের উত্তরের উপর আপনার যেমন দখল থাকবে, তেমনি সাক্ষাৎকার চলমান রাখার জন্য সহায়তায় প্রশ্নকর্তাও আপনার উপর সন্তুষ্ট থাকবেন। উদাহরণস্বরূপ, আপনার নিজের সম্পর্কে বলার সময় এমন কিছু ঘটনার অবতারণা করবেন যা সম্পর্কে আরো জানার জন্য প্রশ্নকর্তা কৌতুহলী হয়ে ওঠেন।

- **প্রতিষ্ঠান এবং তার পণ্য বা সেবা সম্পর্কে জ্ঞানার্জন-** যে প্রতিষ্ঠানে সাক্ষাৎকার দিচ্ছেন তাদের পণ্য ও সেনা সম্পর্কে সম্যক ধারণা রাখবেন। এই সম্পর্কিত প্রশ্নের উত্তর দিতে পারলে নিয়োগকর্তা তার প্রতিষ্ঠানের প্রতি আপনার আগ্রহ বুঝতে পারবেন। উদাহরণস্বরূপ, কোম্পানির ব্যাপ্তি ও আর্থিক অবস্হা সম্পর্কে ধারণা করে তার আলোকে কিছু প্রশ্নের উত্তর দিতে পারেন।

# ইন্টারভিউতে বহুল জিজ্ঞাসিত প্রশ্নসমূহ



- আপনার সম্পর্কে কিছু বলুন।
- আপনার বর্তমান কিংবা সর্বশেষ কর্মস্থল কিংবা শিক্ষাক্ষেত্র সম্পর্কে কিছু বলুন।
- আপনার শক্তিশালী দিকগুলো সম্পর্কে বলুন। আপনি কিভাবে এর ব্যবহার করেছেন।
- আপনি কি একা কাজ করতে পছন্দ করেন নাকি সবাইকে নিয়ে কাজ করতে পছন্দ করেন?
- আপনি কি আবেদনকৃত পদের কর্মপরিধি সম্পর্কে অবগত আছেন?
- আপনার ভবিষ্যৎ কর্মপরিকল্পনা কি?
- নিজের সম্পর্কে ৩-৫ টি বিশেষণ বলুন |
- আপনার কেন মনে হয় আপনি আমাদের প্রতিষ্ঠানে কাজ করতে আগ্রহী হবেন?
- আমাদের প্রতিষ্ঠান সম্পর্কে আপনি কি কি জানেন?
- কি কি যোগ্যতাবলে আপনি আমাদের প্রতিষ্ঠানে সফল হবেন বলে মনে করছেন?
- আপনার প্রত্যাশিত বেতন কত?
- আপনার কেন মনে হয় এই চাকরিটি আপনার পছন্দ হবে?
- আপনি কেমন বস পছন্দ করেন?
- আপনি কি রুটিনমাফিক কাজ করতে পছন্দ করেন?
- আপনি কি প্রচলিত কর্মঘন্টায় কাজ করে অভ্যস্ত?
- আপনার সবচেয়ে বড় দুর্বলতা কি?
- কি ধরণের কাজ আপনাকে বেশি প্রেরণা দেয়?
- ওভারটাইম কাজ করার ব্যাপারে আপনার ধারণা কি?
- পাঁচ বছর বা দশ বছর পরে আপনি নিজেকে কোথায় দেখতে পান?
- আপনাকে আমরা কেন আমাদের প্রতিষ্ঠানে নিয়োগ দিবো?
- আপনার কি আমাদের কাছে কোন প্রশ্ন আছে?



## পড়াশোনার পাশাপাশি খণ্ডকালীন কাজ

### কেন করবেন?

কর্মদক্ষতা বাড়ানোর জন্য
পকেট খরচের জন্য
পরিবারের কিছু অর্থ প্রদানের জন্য
স্বাবলম্বী হওয়ার জন্য
পারস্পরিক যোগাযোগ সংক্রান্ত
জটিলতা কমানোর জন্য

### কি করবেন?

কল সেন্টার প্রতিনিধি
খাবার সরবরাহকারী
অনুবাদক
জরিপ পরিচালনাকারী
রেঁস্তোরা সহায়ক
হোম ডেলিভারি সার্ভিস

### কোথায় খোঁজ পাবেন?

সংবাদপত্র
ওয়েবসাইট
লিফলেট
পোস্টার
পরিচিত মানুষজন
বন্ধুবান্ধব

### কোথায় বিনামূল্যে ইংরেজি শিখতে পারবেন?

ABCYa
Activities for ESL students
BBC Learning English
Easy World of English

### কোথায় বিনামূল্যে কর্মদক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ পাবেন

যুব উন্নয়ন অধিদপ্তর
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান অধিদপ্তর
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
অ্যাকসেস টু ইনফরমেশন প্রজেক্ট (a2i project)
স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেইপ)
ইউএনডিপি
আইএলও
ব্র্যাক




# জীবনবৃত্তান্ত বা সিভি সম্পর্কে বিস্তারিত

## সিভি লেখার সময় উল্লেখযোগ্য বিষয়

**ছোট এবং নির্দিষ্ট-** পূর্ব অভিজ্ঞতা ব্যতীত সিভির ক্ষেত্রে এক পৃষ্ঠার মধ্যেই সমস্ত তথ্য প্রদান বাঞ্ছনীয়। আবেদিত পদের চাহিদার সাথে সামঞ্জস্য রেখে নিজেকে বর্ণনা করা উচিত।

**বানান এবং ব্যকরণজনিত নিয়ম-** সিভি লেখার সময় সবসময় বানানের প্রতি যত্নশীল হতে হবে। শব্দচয়ন ও বাক্যপ্রয়োগে ব্যকরণের নিয়মাবলি প্রয়োগে সচেষ্ট থাকা উচিত। প্রয়োজনীয় যোগ্যতা থাকা সত্ত্বেও কেবলমাত্র বানান ভুলের কারণে আপনি সাক্ষাৎকারের জন্য মনোনীত নাও হতে পারেন।

**সহজে পাঠযোগ্য-** প্রচলিত শব্দের ব্যবহার আপনার সিভিকে সহজে পাঠযোগ্য করে তুলতে পারে। দুর্বোধ্য শব্দের ব্যবহার সর্বদা আপনার জ্ঞানের প্রতিফলন ঘটায় না।

**ছোট শব্দগুচ্ছের ব্যবহার-** বড় দৈর্ঘ্যের বাক্য পরিহার করে ছোট আকারের শব্দগুচ্ছের মাধ্যমে নিজেকে প্রকাশ করা উচিত।

**অপ্রয়োজনীয় তথ্য বর্জন-** আবেদনকৃত পদের জন্য অনাবশ্যক তথ্যসমূহ বর্জন করা উচিত। প্রতিবার আবেদন করার পূর্বে আবেদনপত্রে এসব বিষয় ঠিক করে নেওয়া উচিত।

**পদের প্রতি পূর্ণ মনোনিবেশ-** যে পদের জন্য আবেদন করেছেন, আপনার সিভিতে সেই সম্পর্কিত কার্যাবলী সম্পাদনের সক্ষমতার প্রতিফলন থাকা উচিত।

**বহুমুখীকরণ-** সিভিতে এমন কিছু দক্ষতা বা অভিজ্ঞতার বিবরণ থাকা উচিত যা আপনার বহুমুখী প্রতিভা সম্পর্কে নিয়োগকারীর দৃষ্টি আকর্ষণ করবে।

**প্রচলিত ফন্ট ও ফরম্যাটের ব্যবহার-** সিভি প্রিন্ট কিংবা ইমেইল করার সময় বহুল প্রচলিত ফন্ট এবং ফরম্যাটগুলোই ব্যবহার করবেন। সিভি মেইল করার ক্ষেত্রে পিডিএফে সংরক্ষণ করে পাঠানো আপনার বুদ্ধিমত্তার পরিচয় দেয়।

**ভুল তথ্য বর্জন-** সিভিতে কোন প্রকার ভুল বা অতিরঞ্জিত তথ্য প্রদান থেকে বিরত থাকুন।



# কোথায় চাকরির সন্ধান পাবেন

ওয়েবসাইট-

- বিডিজবস.কম https://bdjobs.com/
- চাকরি.কম https://www.chakri.com
- জব.কম.বিডি http://www.job.com.bd/
- অল জবস বিডি http://www.bdjobstoday.com/
- বিডি জবস টুডে https://www.alljobsbd.com/
- বিডি-ক্যারিয়ার.কম https://bd-career.com/
- থাউজ্যান্ড ক্যারিয়ারস https://thousand.careers/
- বিডি হোটেল জবস http://www.bdhoteljobs.com/
- বিডি জবস ক্যারিয়ারস https://www.bdjobscareers.com/
- সাইবার জব http://www.cyberjob.com.bd/index
- চাকরির খবর https://chakrirkhobor.net/

ওয়াক-ইন-ইন্টারভিউ

সংবাদপত্র

পরিচিত ব্যক্তিবর্গের মাধ্যমে নেটওয়ার্কিং

ক্যারিয়ার মেলা/ জব ফেয়ার

# নমুনা সিভি (ইংরেজি)




**M M ALI**
30, Arambag, Motijheel, Dhaka, Bangladesh
01700-000000, Email: example@gmail.com

**OBJECTIVE**: To obtain a position as a Bank Teller at the Bank of Bangladesh utilizing skills and training in cash handling and ability to provide direct customer services in effective manner.

**EDUCATION**
Dhaka City College – BBA | 2013 | CGPA: 3.5/4.00
Dhaka Metropolitan College - HSC | 2008 | GPA: 4.00/5.00
Dhaka City School - SSC | 2006 | GPA: 4.00/5.00

**KEY STRENGTHS**
• Able to count cash speedily and accurately
• Good understanding of specialized banking tasks such as preparing cashier's checks and exchanging foreign currency
• Functional knowledge of receiving and verifying loan payments and utility bill payments
• Solid know-how of recording transactions promptly and in compliance with the bank's policies and procedures
• Excellent comprehension of balancing currency, cash and checks

**SPECIAL SKILLS**
• Customer services
• Communication
• Accuracy and attention to detail
• Stress toleration
• Judgment and problem solving

**TECHNICAL EXPERTISE**
• MS Word, PowerPoint and Excel
• MS Outlook
• Email and Internet
• Basic math skills

**WORK EXPERIENCE**
Intern | BRAC Bank – Dhaka | June 2013 to June 2014
• Assisted in counting the cash in drawer at the start of shift
• Accepted checks, cash, and other forms of payment from customers
• Answered questions from customers regarding their accounts
• Assisted in preparation of specialized types of funds, such as pay orders and traveler's checks

**CAMPUS INVOLVEMENT**
• Member of the business club
• Member of the baseball team
• President of the drama club

**VOLUNTEER WORK**
• Performed service duties for the Children's Hospital during the summer of 2010

**REFERENCE**
Available upon request

# নমুনা সিভি (বাংলা)

## জীবন বৃত্তান্ত



ছবি

**প্রার্থীর নাম :** মোঃ মুজিবুর রহমান

**পিতা/ স্বামীর নাম :** মোহাম্মদ আজিজুর রহমান

**মাতার নাম :** সুলতানা রহমান

**স্থায়ী ঠিকানা :** গ্রাম: ধুলিয়া, পোঃ অফিস: কালাইয়া,থানাঃ বাউফল, জেলাঃ পটুয়াখালী

**বর্তমান ঠিকানা :** নিরালা আ/এ, মুজগুন্নী, খুলনা।

**নিজ জেলা :** পটুয়াখালী

**জন্ম তারিখ :** ০৫ ফেব্রুয়ারী ১৯৮২

**বয়স :** ২৭ বছর

**জাতীয়তা :** বাংলাদেশী (জন্মসূত্রে)

**ধর্ম :** ইসলাম

**শিক্ষাগত যোগ্যতা :**

| পরীক্ষার নাম | বোর্ড/ বিশ্ববিদ্যালয় | পাসের সন | প্রাপ্ত বিভাগ |
|---|---|---|---|
| স্নাতকোত্তর | জাতীয় বিশ্ববিদ্যালয় | ২০০৮ | ২য় বিভাগ |
| স্নাতক | জাতীয় বিশ্ববিদ্যালয় | ২০০৭ | ১ম বিভাগ |
| এইচএসসি | যশোর | ২০০৩ | ১ম বিভাগ |
| এসএসসি | যশোর | ২০০১ | ১ম বিভাগ |

**প্রশিক্ষণ (যদি থাকে):** প্রযোজ্য নয়

**অভিজ্ঞতা (যদি থাকে) :** প্রযোজ্য নয়

**কম্পিউটার জ্ঞান :** মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, এ্যাকসেস, ইমেইল, ইন্টারনেট ব্রাউজিং

**রেফারেন্স**

১. মোঃ রফিকুল আলম
ডিজিএম,
অগ্রণী ব্যাংক লিমিটেড,
খুলনা
মোবাইল নং-০১XXXXXXXXX

২. বিকাশ কান্তি দাশ
ব্যবস্থাপক, বিপনন ও বিক্রয়
এম.কে গ্রপ, ডি.ও.এইচ.এস,
মহাখালী, ঢাকা
মোবাইল নং-০১XXXXXXXXX

বছরজুড়ে সরকারি সহায়তায় বিভিন্নক্ষেত্রে দক্ষতা বৃদ্ধির জন্য এই প্রশিক্ষণগুলি চালু থাকে। আপনি চাইলে বর্ণিত প্রতিষ্ঠান সমূহথেকে প্রয়োজনীয় হালনাগাদ তথ্য সংগ্রহ করতে পারেন।

## স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেইপ)

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েব: www.seip-fd.gov.bd

# সম্পূর্ণ সরকারি খরচে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন 'স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেইপ)' প্রকল্পের মাধ্যমে ২০২৪ সালের মধ্যে দেশে প্রায় সাড়ে আট লক্ষ জনকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করে তাদেরকে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলার উদ্যোগ নেয়া হয়েছে।

## প্রশিক্ষণার্থীদের জন্য সুযোগ-সুবিধা

- প্রশিক্ষণ চলাকালে ভাতা দেওয়া হয়
- প্রশিক্ষণ শেষে সাফল্যের সাথে উত্তীর্ণদের সনদপত্র প্রদান করা হয়
- প্রশিক্ষণ শেষে চাকরি পেতে সহায়তা করা হয়
- শিল্প কারখানায় কর্মরত কর্মচারীদের বিদ্যমান দক্ষতার মান উন্নয়নে প্রশিক্ষণ নিলে উচ্চতর পদে অধিক বেতনে পদোন্নতি পাওয়া যায়
- খ্যাতনামা প্রতিষ্ঠান কর্তৃক প্রশিক্ষণ সনদপত্র প্রদান করায় বিদেশেও চাকরির সুযোগ পাওয়া যায়
- মোট প্রশিক্ষণার্থীদের মধ্যে কমপক্ষে ৩০ শতাংশ নারীদের জন্য সংরক্ষিত

## প্রশিক্ষণের ক্ষেত্রসমূহ

- তৈরি পোশাক ও টেক্সটাইল
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
- নির্মাণ (কনস্ট্রাকশন)
- লাইট ইঞ্জিনিয়ারিং
- চামড়া ও পাদুকা
- জাহাজ নির্মাণ
- হেলথ কেয়ার (নার্সিং এন্ড হেলথ টেকনিসিয়ান)
- এগ্রো-ফুড প্রসেসিং
- ট্যুরিজম এন্ড হসপিটালিটি
- পরিবহন (মোটর ড্রাইভিং এবং বেসিক রক্ষণাবেক্ষণ)

## প্রশিক্ষণের উল্লেখযোগ্য বিষয়সমূহ

১. মার্চেন্ডাইজিং
২. মিড লেভেল সুপারভাইজার
৩. অ্যাপারেল মার্চেন্ডাইজিং
৪. ওভেন মেশিন ও নিট মেশিন চালনা
৫. মান নিয়ন্ত্রণ ও টেক্সটাইল টেস্টিং
৬. ফায়ার সেফটি এন্ড কম্প্ল্যায়েন্স
৭. উইভিং টেকনোলজি
৮. নিটিং টেকনোলজি
৯. গ্রাফিক ডিজাইন
১০. ওয়েব ডিজাইন
১১. ওয়েব অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট
১২. সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট
১৩. রাজমিস্ত্রী, প্ল্যাম্বিং ও পাইপ ফিটিং
১৪. রড বাইন্ডিং এন্ড ফেব্রিকেশন
১৫. রিফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং
১৬. মেশিন টুলস্ অপারেশন
১৭. লেদমেশিন পরিচালনা
১৮. অটোমোবাইল মেকানিক
১৯. মোবাইল সার্ভিসিং
২০. ইলেক্ট্রিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেনেন্স
২১. সেলাই পরিচালনা
২২. কাটিং অপারেশন
২৩. সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এন্ড লজিস্টিকস
২৪. ওয়েল্ডিং
২৫. সিএনসি মেশিন অপারেশন
২৬. প্রোডাক্ট ম্যানুফেকচারিং প্রসেস আপগ্রেডিং
২৭. উৎপাদন বৃদ্ধির কৌশল
২৮. টোটাল কোয়ালিটি ম্যানেজমেন্ট
২৯. ফুড এন্ড বেভারেজ প্রোডাকশন
৩০. ফুড এন্ড বেভারেজ সার্ভিসেস
৩১. হাউজ কিপিং
৩২. মোটর ড্রাইভিং এবং বেসিক রক্ষণাবেক্ষণ

প্রথম আলো ই-পেপার

## প্রশিক্ষণ প্রদানকারী সংস্থাসমূহ

### সরকারি সংস্থা

**শিক্ষা মন্ত্রণালয়ের** অধীনে কারিগরি শিক্ষা অধিদপ্তরের আটটি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (TSC) - বরিশাল, রংপুর, শেরপুর, নরসিংদী, ঝালকাঠি, মানিকগঞ্জ, হবিগঞ্জ ও পঞ্চগড় এবং ফেনী কম্পিউটার ইন্সটিটিউট।

**প্রবাসী কল্যাণ ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের** অধীনে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (BMET) -এর ২৪টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র- বাংলাদেশ-কোরিয়া টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, ঢাকা; বাংলাদেশ-জার্মান টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, ঢাকা; শেখ ফজিলাতুন্নেসা মুজিব মহিলা টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, ঢাকা; বাংলাদেশ-কোরিয়া টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, চট্টগ্রাম; টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (TTC) -ঝিনাইদহ, কুমিল্লা, রাঙ্গামাটি, নোয়াখালী, লক্ষ্মীপুর, খাগড়াছড়ি, ফরিদপুর, টাঙ্গাইল, জামালপুর, খুলনা, কুষ্টিয়া, রাজশাহী, পাবনা, দিনাজপুর, চাঁপাইনবাবগঞ্জ, সিলেট, লালমনিরহাট, রংপুর, সাতক্ষীরা, যশোর, বরিশাল, নাটোর, নরসিংদী, ময়মনসিংহ, বগুড়া ও গোপালগঞ্জ ।

**শিল্প মন্ত্রণালয়ের** অধীনে বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড টেকনিক্যাল অ্যাসিসটেন্স সেন্টার (BITAC) - ঢাকা, খুলনা, বগুড়া এবং চট্টগ্রাম।

### ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশন

বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফেকচার্স এন্ড এ্যাক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (BGMEA),০২৮৮৩৬৪৬০; বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফেক্চার্স এন্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (BKMEA),০১৯১৪৩৯০৩১৩; বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (BASIS),০৯৬১২৩৪২৪৮৬; বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব কনস্ট্রাকশন ইন্ডাস্ট্রিজ (BACI),০১৮২৫৯২৫৮২০; বাংলাদেশ টেক্সটাইল মিলস্ অ্যাসোসিয়েশন (BTMA),০১৭৮৭৮৮৫৩২৫; বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি ওনার্স অ্যাসোসিয়েশন (BEIOA),০১৯৯৮০১৬৭৪২; অ্যাসোসিয়েশন অব এক্সপোর্ট অরিয়েন্টেড শীপ বিল্ডিং ইন্ডাস্ট্রিজ অব বাংলাদেশ (AEOSIB),০১৭১৩১৯৪০০২; লেদারগুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফেকচারার্স এন্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (LFMEAB),০১৭৩০৬১১০৩৮; বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব কল সেন্টার এন্ড আউটসোর্সিং (BACCO),০৯৬১৪৩৩৪৪৫৫; বাংলাদেশ অ্যাগ্রো প্রসেসরস অ্যাসোসিয়েশন (BAPA),০১৭১১২৬৬২২৯; ISC (ট্যুরিজম),০১৭৭০১৭৬৯১৭; BWCCI,০২৯৮৬১৫২৬ এবং রিহ্যাব, ০১৯২০৩০৮০২৫।

এছাড়া, বিআরটিসির আওতাধীন ১৯টি সেন্টারে মোটর ড্রাইভিং ও বেসিক রক্ষণাবেক্ষণ প্রশিক্ষণ দেওয়া হয়, ওয়েব সাইট: www.seip-fd.gov.bd, বাংলাদেশ ব্যাংক-এর এসএমই বিভাগ,০১৭১০৪৩৭৪৭৯ (www.bb.org.bd) এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন-পিকেএসএফ,০১৭১৪১১১২৫৯ (www.pksf.bd.org) -এর আউটসোর্সকৃত প্রশিক্ষণ প্রতিষ্ঠান/সহযোগী সংস্থার মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

# ইন্টারভিউতে প্রস্তাবিত পোষাক



# ইন্টারভিউতে প্রস্তাবিত পোষাক



ইনক্লুসিভ বাংলাদেশ ২০১৩ সাল হতে বাংলাদেশের যৌন সংখ্যালঘু জনগোষ্ঠীকে তার "সুদক্ষ" প্রকল্পের মাধ্যমে কর্মসংস্থান প্রাপ্তিতে সহায়তা করে আসছে। আমরা আশা করি এই বুকলেটটি সেই কাজে আরো সহায়ক হবে। কর্মসংস্থান বা এই সংশ্লিষ্ট যেকোন সহায়তার জন্য আমাদেরকে নির্দ্বিধায় জানান।


আমাদের ওয়েবসাইট: inclusivebangladesh.weebly.com

আমাদের ইমেইল: info.inclusivebd@gmail.com

আমাদের ফেসবুক: facebook.com/INCLUSIVEBD

আমাদের টুইটার: twitter.com/INCLUSIVEBANGLA

Published By

INCLUSIVE BANGLADESH
... including human rights

Funded By

Youth Voices Count

9 789843 492524

Copyright © 2020 by Inclusive Bangladesh